# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৬০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যারা কাতার পূরণ করে, তাদের জন্য ফেরেস্তাগণ ক্ষমা প্রার্থনা করেন এবং মহান আল্লাহ ক্ষমা করে দেন

## ذِكْرُ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا مَعَ اسْتِغْفَارِ الْمَلَائِكَةِ لِمَنْ يَصِلُ الصُّفُوفَ المبتَّرة

---

আরবী

2160 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ بِعَسْقَلَانَ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي أُسَامَةُ بْنُ زَيْدٍ عَنْ عُثْمَانَ بْنِ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم قَالَ: (إِنَّ اللَّهَ وملائِكَتَهُ يُصَلُّون عَلَى الَّذِينَ يَصِلُون الصُّفوف)

الراوي : عَائِشَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2160 | خلاصة حكم المحدث: حسن ـ ((صحيح أبي داود)) (680) بلفظ: ((على الذين يَصِلُونَ الصفوف)).

قَالَ أَبُو حَاتِمٍ: أُسَامَةُ بْنُ زَيْدٍ ـ هَذَا ـ هُوَ اللَّيْثِيُّ مَوْلًى لَهُمْ مِنْ أَهْلِ الْمَدِينَةِ مُسْتَقِيمُ الْأَمْرِ صَحِيحُ الْكِتَابِ

وَأُسَامَةُ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ مَدَنِيٌّ واهٍ وَكَانَا فِي زَمَنٍ وَاحِدٍ إِلَّا أَنَّ اللَّيْثِيَّ أَقْدَمُ.

বাংলা

২১৬০. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই আল্লাহ রহমত করেন এবং ফেরেস্তাগণ তাদের জন্য ক্ষমা প্রার্থনা করেন, যারা কাতারগুলো পূরণ করেন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “উসামা বিন যাইদ, তিনি লাইস কবীলার সাথে সম্পর্কিত এবং তাদের আজাদকৃত দাস ছিলেন। তিনি মদীনার অধিবাসী, তার হাদীস সঠিক ও সহীহ। অপর বিন যাইদ বিন আসলাম একজন মদীনায় বসবাসকারী আরেকজন রাবী, তিনি দুর্বল। তারা দুইজনই একই সময়ের মানুষ। তবে

লাইসী বয়সে প্রবীণ।”

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৫০; হাকিম: ১/২১৪; ইবনু মাজাহ: ১০০৫; আবূ দাঊদ: ৬৭৬; সুনান বাইহাকী: ৩/১০১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৮১৯; নাসাঈ: ২/৯৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬৮০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91478

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন